



## জিয়ার আদর্শ দেশের গণতন্ত্রকে পথ দেখায়: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ বাংলাদেশের গণতন্ত্র, ন্যায়বিচার ও আইনের শাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান।

বৃহস্পতিবার ঢাকা আইনজীবী সমিতির অডিটোরিয়ামে জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, দেশের রাজনৈতিক স্থিতিশীলতা, বহুদলীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা ও অর্থনৈতিক উন্নয়নে জিয়াউর রহমানের অবদান স্মরণীয়। স্বাধীনতার পর সংকটকালীন সময়ে তিনি রাষ্ট্রকে সুসংগঠিত করার চেষ্টা করেছিলেন বলেও উল্লেখ করেন তিনি।

বেগম খালেদা জিয়ার প্রসঙ্গ টেনে তিনি বলেন, গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে বিএনপি চেয়ারপারসনের ভূমিকাও গুরুত্বপূর্ণ।

জুলাই গণঅভ্যুত্থান নিয়ে আইনমন্ত্রী বলেন, গণতান্ত্রিক আন্দোলনের পেছনে দীর্ঘ ত্যাগ ও সংগ্রাম থাকে। দেশের বিভিন্ন আন্দোলনকে একই ধারার গণতান্ত্রিক লড়াই হিসেবে মূল্যায়নের আবহান জানান তিনি।

অনুষ্ঠানে বিএনপি ও আইনজীবী নেতারা উপস্থিত ছিলেন। আলোচনা শেষে জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।